

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৫৫

বিশালগড়, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

**কসবা গ্রাম পঞ্চায়েতে ওয়েল পাম চাষে প্রশিক্ষণ**

বিশালগড় ইউনিয়নের কসবা গ্রাম পঞ্চায়েতে ওয়েল পাম চাষের উপর গত ২৩ ফেব্রুয়ারি এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অতশী দাস। শিবিরে উদ্যানপালন ও ভূমিসংরক্ষণ দপ্তরের অধিকর্তা ফনিভূষণ জমাতিয়া ওয়েল পাম চাষের অনুকূল জলবায়ু প্রয়োজনীয়তা, কারিগরী ও সরকারি সহযোগিতা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। শিবিরে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন পতঙ্গলী ফুড লিমিটেড-এর স্টেট ইনচার্জ অয়ন সরকার। এছাড়াও শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ছন্দা দেববর্মা, উদ্যানপালন ও ভূমিসংরক্ষণ দপ্তরের উপঅধিকর্তা অরূপ দেব, বিশালগড় কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক হিমানিশ সরকার ও কৃষকগণ।

\*\*\*\*\*